দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 NOV 2017

# বাকৃবির ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

■ বাকৃবি সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। রবিবার রাতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.bau.edu.bd) ও অ্যানড্রয়েড এপ্লিকেশন BAU Admission এ ফলাফল প্রকাশ করা হয়।

ছয়টি অনুষদে ১২০০ সিটের বিপরীতে ১২০০ জন মেধা তালিকায় ও ১২০০ জনের অপেক্ষামাণ তালিকা প্রকাশ করা হয়েছে। লিখিত পরীক্ষায় সর্বোচ্চ ৮৯ নম্বর ও সর্বনিম্ন ৬৪.২৫ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা মেধা তালিকায় স্থান পেয়েছে। মেধা তালিকার মধ্যে ৬৫.৬৭ শতাংশ ছেলে ও ৩৪.৩৩ শতাংশ মেয়ে শিক্ষার্থী। মেধা ও আপেক্ষমাণ তালিকাভুক্ত শিক্ষার্থীদের অনুষদ ভিত্তিক তথ্য প্রদান ও ফর্ম ডাউনলোড ৮ থেকে ১৯ নভেম্বর এবং এর ফলাফল ২৩ নভেম্বর প্রকাশ করা হবে। মেধা তালিকায় ৩০ নভেম্বর সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ভর্তি করা হবে।